কালের কণ্ঠ

তারিখ ... 06 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# ফের তাগাদা কোচিং বন্ধে

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষাপ্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য বন্ধে আবারও নির্দেশনা প্রদান করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তর। তবে নতুন কোনো নির্দেশনা নয় পুরনো নির্দেশনাই বাস্তবায়ন করতে অনুরোধ করা হয়েছে। গতকাল বুধবার মাউশি অধিদপ্তরের সহকারী পরিচালক (মাধ্যমিক-১) সাখায়েত হোসেন বিশ্বাস স্বাক্ষরিত নির্দেশনায় বলা হয়েছে, '২০১২ সালের ২০ জুন শিক্ষা মন্ত্রণালয় কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ জারি করে। এ নীতিমালা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনাক্রমে অনুরোধ করা হলো। একই সঙ্গে নীতিমালার আলোকে সব অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের বিষয়টি মনিটরিং করারও অনুরোধ করা হলো।'

কোচিং বাণিজ্য নীতিমালা-২০১২ থেকে জানা যায়, স্কুল, কলেজ ও মাদ্রাসার পাঠদান কার্যক্রম চলাকালে কোনো শিক্ষক কোচিং করাতে পারবেন না। তবে অভিভাবকদের আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান স্কুল সময়ের আগে বা পরে অতিরিক্ত ক্লাস ইচ্ছা করলে নিতে পারবেন। এ জন্য রসিদের মাধ্যমে শিক্ষার্থীদের কাছ থেকে নির্দিষ্ট ফি-ও নিতে পারবে স্কুল কর্তৃপক্ষ। তবে শিক্ষকরা তাঁর প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীকে প্রাইভেট পড়াতে পারবেন না। প্রতিষ্ঠান প্রধানের অনুমতি নিয়ে অন্য বিদ্যালয়ের সর্বোচ্চ দশজন শিক্ষার্থীকে পড়ানোর বিধান রাখা হয়েছে।